গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০৪১.১৮.০০৪.২০ (অংশ-১)-৬০

তারিখ: ০৭ ফাল্গুন ১৪২৮
২০ ফেব্রুয়ারি ২০২২

**বিষয়: বাংলাদেশ রেলওয়ে ও ওয়াটারএইড এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় চলমান সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি ও পরবর্তী কর্মপরিকল্পনাসমূহ সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ রেলওয়ে ও ওয়াটারএইড এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় চলমান সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি ও পরবর্তী কর্মপরিকল্পনাসমূহ সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ৮ পৃষ্ঠা।

(আ.স.ম. আশরাফুল আলম)
উপসচিব
☎ +৮৮০২৪১০৫০২৪৪
admin6@mor.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩। যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব ও ফোকাল পারসন, এইচএলপি, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৫। অতিরিক্ত মহাপরিচালক (আরএস/আই/ অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৬। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে চট্টগ্রাম/রাজশাহী।
০৭। জনাব হাসিন জাহান, কান্ট্রি ডিরেক্টর, ওয়াটারএইড বাংলাদেশ, হাউজ ৯৭/বি, রোড ২৫, ব্লক-এ, বনানী, ঢাকা-১২১৩।

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :</u>

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা *(রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।*
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেলঅপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

বিষয়: বাংলাদেশ রেলওয়ে ও ওয়াটার এইড বাংলাদেশের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় চলমান সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি ও পরবর্তী কর্মপরিকল্পনাসমূহ সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো:হুমায়ুন কবীর<br>সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ০৮ ফেব্রুয়ারি ২০২২ |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা |
| সভারস্থান | : | সভাকক্ষ (কক্ষ নং-৯৩০), রেলপথ মন্ত্রণালয়। |

সভায় উপস্থিতি:

সভায় রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবগণ, যুগ্মসচিব (প্রশাসন), মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/আরএস/এমএন্ডসিপি), মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ এবং ওয়াটার এইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টরসহ অন্যান্য প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

০২. প্রারম্ভিক আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচিতি পর্ব শেষে তিনি উপসচিব (প্রশাসন-৬) কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য আহবান জানান।

২.১ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়কে প্রারম্ভিক বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হয়। প্রারম্ভিক বক্তব্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, প্রতিদিন প্রায় আড়াই লক্ষ যাত্রী রেলপথ ব্যবহার করেন, কিন্তু তাদের জন্য প্রয়োজনীয় পাবলিক টয়লেট ব্যবস্থার অপ্রতুলতা রয়েছে। এ সংকট নিরসনে ওয়াটার এইড, বাংলাদেশ এগিয়ে এসেছে বলে তিনি তাঁদের ধন্যবাদ জানান। তিনি বলেন ১৯৮৬ সাল থেকে ওয়াটার এইড বাংলাদেশে কার্যক্রম শুরু করেছে। বাংলাদেশ রেলওয়ের সাথে চুক্তি মোতাবেক তারা কার্যক্রম পরিচালনা করছে। ইতোমধ্যে ঢাকা রেলস্টেশনে ০১টি এবং আরো দু'টি পাবলিক টয়লেট নির্মাণের প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া পারস্পারিক শিখন কর্মসূচির আওতায় 'উত্তম চর্চা' রেল পরিসেবায় বাস্তবায়নের কার্যক্রম চলমাল রয়েছে। ওয়াটার এইড বাংলাদেশ রেলওয়ের অনুকূলে যে কর্মসূচি নিয়েছে তা যদি সঠিকভাবে পালন করা যায় তাহলে জনগণ উপকৃত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

২.২ রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৬) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি যুক্তরাজ্য ভিত্তিক ওয়াটার এইড সংস্থার মিশন, ভিশন ও বাংলাদেশে তাদের কার্যক্রম সভাকে অবহিত করেন। পরবর্তীতে তিনি ২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে উভয় পক্ষের সমঝোতা স্মারকের ভিত্তিতে পরিচালিত কার্যক্রম; পাবলিক টয়লেট নির্মাণ এবং এর অগ্রগতি পর্যালোচনা; পারস্পারিক শিখন কর্মসূচি ও এর অগ্রগতি; মুজিববর্ষ উপলক্ষ্যে

বাংলাদেশ রেলওয়ের ৫৫টি স্টেশনে পাবলিক টয়লেটের ডিজাইন প্রণয়নে ওয়াটার এইডের কার্যক্রম; কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি এবং ভবিষ্যৎ পরিকল্পনা ইত্যাদি সম্পর্কে আলোকপাত করেন।

২.৩ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব ও ফোকাল পারসন এইচএলপি ওয়াটার এইড,বাংলাদেশের চলমান কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, ইতোমধ্যে পারস্পরিক শিখন কর্মসূচির আওতায় বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন কর্মকর্তা এবং স্টেশন মাস্টারদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পারস্পরিক শিখন কর্মসূচির মাধ্যমে 'উত্তমচর্চা' সকলের নিকট সম্প্রসারণের বিষয়ে আলোকপাত করেন। ট্রেনে যাত্রাকালে যাত্রীগণ অ্যাপস ব্যবহারের মাধ্যমে যাতে দ্রুত সমস্যাসমূহ সমাধান করতে পারেন এ লক্ষ্যে যাত্রিক নামক একটি অ্যাপস তৈরী করা হয়েছে। যাত্রিক অ্যাপসটির আরো উন্নয়ন করে ব্যবহার বাস্তব করার লক্ষ্যে ৫ (পাঁচ) লক্ষ টাকার প্রয়োজন হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এক্ষেত্রে, ৩ (তিন) লক্ষ টাকা ওয়াটার এইড, বাংলাদেশ দিতে সম্মত হয়েছে এবং বাকী ২ (দুই) লক্ষ টাকা রেলপথ মন্ত্রণালয় হতে প্রদানের জন্য তিনি অনুরোধ করেন।

২.৪ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বলেন, পাবলিক টয়লেট নির্মাণ ও আধুনিকায়ন এবং পারস্পারিক শিখনের মাধ্যমে উত্তম চর্চার বিস্তার লাভ খুবই ইনোভেটিভ কার্যক্রম। এ কার্যক্রমের সাথে বাংলাদেশ রেলওয়ে সকল সময় সহযোগিতা করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। কয়েক দিন আগে তিনি ঢাকা স্টেশনে গিয়ে পাবলিক টয়লেট সরেজমিনে পরিদর্শন করেছেন এবং পরিবেশ সন্তোষজনক রয়েছে মর্মে উল্লেখ করেন।

২.৫ ওয়াটার এইড,বাংলাদেশ এর কান্ট্রি ডিরেক্টর বলেন ওয়াটার এইড যুক্তরাজ্যভিত্তিক একটি আন্তর্জাতিক সংস্থা। ওয়াটার এইড নিরাপদ পানি, উন্নত স্যানিটেশন এবং সঠিক স্বাস্থ্যবিধি (হাইজিন) চর্চা নিশ্চিত করার মাধ্যমে বিশ্বের দরিদ্র ও পিছিয়ে পড়া মানুষের জীবন মানের উন্নয়ন করে থাকে। এ সংস্থা ১৯৮৬ সাল থেকে বাংলাদেশে কাজ করছে। বিশ্বের ২৮টি দেশে এ সংস্থাটি কাজ করে। কাজের দিক দিয়ে বাংলাদেশ দ্বিতীয় বৃহত্তম পর্যায়ে রয়েছে। বাংলাদেশের ১৮টি জেলা এবং ২২টি উপজেলায় এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ওয়াটার এইড,বাংলাদেশ কাজ করছে। তিনি 'বাংলাদেশ রেলওয়ে স্টেশন পাবলিক টয়লেট ও ওয়াশ ব্যবস্থাপনা নির্দেশিকা' প্রণয়ন এবং মুজিববর্ষ উপলক্ষ্যে ৫৫টি পাবলিক টয়লেটের প্রটোটাইপ ডিজাইনের জন্য স্টেশনসমূহের নাম প্রয়োজন মর্মে উল্লেখ করেন।

২.৬ ডিরেক্টর (পলিসি এন্ড এ্যাডভোকেসি), ওয়াটার এইড, বাংলাদেশ পাওয়ার পয়েন্ট উপস্থাপনায় ঢাকা রেলওয়ে স্টেশনে ২৮ ডিসেম্বর ২০২১ হতে ২৮ জানুয়ারি ২০২২ অর্থাৎ এক মাসে পাবলিক টয়লেট ব্যবহারকারী ও অন্যান্য সেবা গ্রহীতাদের পরিসংখ্যান তুলে ধরেন। তিনি অবহিত করেন বর্তমানে পাবলিক টয়লেট ব্যবহার ৫ টাকা, গোসলখানা ব্যবহার ১০ টাকা, পানি ২ টাকা (প্রতি গ্লাস), লকার ৫ টাকা (প্রতি বারের জন্য), শিশু পরিচর্যা ও মাতৃদুগ্ধ কক্ষ ব্যবহার বিনা মূল্যে দেয়া হয়। উপস্থাপনায় ওয়াটার এইড টয়লেট ব্যবহার ৫ টাকার (প্রতি বারের জন্য) পরিবর্তে ৬ টাকা করার প্রস্তাব করেন। কিন্তু এ মুহূর্তে পাবলিক টয়লেট ব্যবহারে মূল্য বৃদ্ধির বিষয়টি সভায় একমত হওয়া সম্ভব হয়নি। তবে পরবর্তীতে পাবলিক টয়লেট ব্যবহারের মূল্য বৃদ্ধির বিষয়টি বিবেচনায় আনা হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। তিনি কেন্দ্রীয় পর্যায়ে "বাংলাদেশ রেলওয়ে স্টেশন পাবলিক টয়লেট ও ওয়াশ পরিচালনা কমিটি" গঠনের বিষয়ে প্রস্তাব করেন। তিনি তার উপস্থাপনায় উল্লেখ করেন স্টেশন পর্যায়ে "স্থানীয় রেলওয়ে স্টেশন পাবলিক টয়লেট ও ওয়াশ পরিচালনা কমিটি গঠন" করা যেতে পারে। পাবলিক টয়লেটগুলো হতে প্রাপ্ত অর্থ ব্যাংকে রাখার জন্য হিসাব খোলা প্রয়োজন। বর্তমানে ১টি স্টেশনে কার্যক্রম শুরু হয়েছে এবং পরবর্তীতে অন্য স্টেশনগুলোতে কার্যক্রম শুরু হবে সেলক্ষ্যে কেন্দ্রীয়ভাবে একটি হিসাব খোলা প্রয়োজন। এছাড়া পারস্পারিক শিখন কর্মসূচির গুরুত্ব সম্পর্কে সভাকে অবহিত করেন।

২.৭ বাংলাদেশ রেলওয়ের পরিচালক (ট্রাফিক) জানান ট্রেনের যাত্রীদের সুবিধা-অসুবিধা জানানোর জন্য পদ্ধতি রয়েছে এবং তা সমাধানেরও ব্যবস্থা রয়েছে। প্রসংগত তিনি উল্লেখ করেন, গত ৩ (তিন) মাসে যে সকল অভিযোগ এসেছে তা নিষ্পত্তি করা হয়েছে।

২.৮ সভাপতি বলেন, প্রস্তাবিত কমিটি গুলোতে বাংলাদেশ রেলওয়ের অধিক সংখ্যক কর্মকর্তা-কর্মচারী যুক্ত করা যাবে না, কারণ এতে দাপ্তরিক কাজে সমস্যার সম্ভাবনা রয়েছে। স্টেশনসমূহের কমিটিতে স্থানীয় জন প্রতিনিধিদের রাখতে হবে। ওয়াটার এইড এর ঢাকা রেলওয়ে স্টেশনের পাবলিক টয়লেটের পানি বাংলাদেশ রেলওয়ে হতে সরবরাহ করা হবে। আপাতত: এক্ষেত্রে কোন বিল লাগবে না। তবে বিদ্যুতের জন্য সাবমিটার স্থাপন করতে হবে এবং ওয়াটার এইড টয়লেট পরিচালনায় প্রাপ্ত অর্থ হতে বিদ্যুৎ বিল পরিশোধ করবে। তিনি যাত্রিক অ্যাপস ব্যবহারকারীকে সেবা প্রদানের পর বাল্ক এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়ার ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। এছাড়া তিনি পারস্পরিক শিখন কর্মসূচির আওতায় যে সকল 'উত্তম চর্চা' চিহ্নিত হয়েছে তাদেরকে ওয়াটার এইড, বাংলাদেশ এর মাধ্যমে পুরস্কার দেয়ার ব্যবস্থা নেয়ার জন্য অভিমত ব্যক্ত করেন।

৩. আলোচ্য সূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা, গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়ন দায়িত্ব নিম্নে প্রদত্ত হলো:

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.০ ওয়াশ (WASH) এর আওতায় পাবলিক টয়লেট নির্মাণ: | | | |
| ৩.১ | কমিটি গঠন:<br>কেন্দ্রীয় ও স্থানীয় পর্যায়ে দু'টি কমিটির খসড়া গঠন ও কার্যপরিধি চূড়ান্ত অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | "বাংলাদেশ রেলওয়ে স্টেশন পাবলিক টয়লেট ও ওয়াশ পরিচালনা কমিটি" ও স্টেশন পর্যায়ে" স্থানীয় রেলওয়ে স্টেশন পাবলিক টয়লেট পরিচালনা কমিটি" শীর্ষক দু'টি কমিটির খসড়া গঠন ও কার্যপরিধি চূড়ান্ত অনুমোদনের জন্য ওয়াটার এইড, বাংলাদেশ রেলপথ মন্ত্রণালয়কে প্রেরণ করবে। আলোচ্য দুটি কমিটিতে আবশ্যিকভাবে প্রতিনিধি কো-অপ্ট এর সংস্থান থাকতে হবে। | (ক) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় ও ফোকাল পারসন, এইচএলপি<br>(খ) ওয়াটার এইড বাংলাদেশ |
| ৩.২ | নির্দেশিকা প্রণয়ন:<br>'বাংলাদেশ রেলওয়ে স্টেশন পাবলিক টয়লেট ও ওয়াশ ব্যবস্থাপনা নির্দেশিকা' প্রণয়ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ওয়াটার এইড, বাংলাদেশ 'বাংলাদেশ রেলওয়ে স্টেশন পাবলিক টয়লেট ও ওয়াশ ব্যবস্থাপনা নির্দেশিকা' এর খসড়া প্রণয়ন করে চূড়ান্ত অনুমোদনের জন্য রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | (ক) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় ও ফোকাল পারসন, এইচএলপি<br>(খ) ওয়াটারএইড বাংলাদেশ |
| ৩.৩ | পানি ও বিদ্যুৎ বিল পরিশোধ:<br>ঢাকা রেলওয়ে স্টেশনের পাবলিক টয়লেটে পানি ও বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ঢাকা রেলওয়ে স্টেশনের পাবলিক টয়লেটে পানি বাংলাদেশ রেলওয়ের নিজস্ব উৎস হতে সরবরাহ করা হবে। আপাতত: এতে কোন বিল পরিশোধ করতে হবে না। তবে বিদ্যুতের জন্য সাবমিটার স্থাপন করতে হবে এবং বিদ্যুতের বিল পাবলিক টয়লেট ও এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম ব্যবহারকারীদের আয় হতে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যবস্থাপনা ফলপ্রসু হলে পরবর্তীতে নির্মিতব্য টয়লেট দু'টির ক্ষেত্রে একই কার্যধারা প্রযোজ্য হবে। | (ক) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(খ) ওয়াটার এইড, বাংলাদেশ |

| | | | |
|---|---|---|---|
| ৩.৪ | LED ডিসপ্লে বোর্ড:<br>LED ডিসপ্লে বোর্ড, TVC এর কনটেন্ট নির্বাচন ইত্যাদি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১. পাবলিক টয়লেটগুলোতে LED ডিসপ্লে বোর্ডে TVC এর কনটেন্ট নির্বাচনের জন্য ওয়াটার এইড বিজ্ঞাপনী সংস্থার সাথে যোগাযোগ করে TVC এর কনটেন্ট রেলপথ মন্ত্রণালয় হতে অনুমোদন গ্রহণ করতে হবে।<br><br>২. LED ডিসপ্লে বোর্ডে ট্রেনের সময়সূচিসহ স্টেশনে ট্রেনের আগমন ও ট্রেন স্টেশন ছেড়ে যাওয়ার বার্তা প্রদর্শনের ব্যবস্থা থাকতে হবে।<br><br>৩. TVC হতে প্রাপ্ত আয় পাবলিক টয়লেটের ব্যবস্থাপনার কাজে ব্যবহৃত হবে। | (ক) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় ও ফোকাল পারসন, এইচএলপি<br>(খ) ওয়াটারএইড, বাংলাদেশ<br><br>(ক) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(খ) ওয়াটারএইড, বাংলাদেশ<br><br>(ক) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(খ) ওয়াটারএইড, বাংলাদেশ |
| ৩.৫ | টয়লেটের প্রটোটাইপ ডিজাইন:<br>মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ৫৫টি রেল স্টেশনের পাবলিক টয়লেটসমূহের প্রটোটাইপ ডিজাইনের বিষয়ে সভায় আলোচনা হয়। | মুজিব শতবর্ষ উপলক্ষ্যে আধুনিকায়নের পরিকল্পনাভুক্ত ৫৫টি রেলস্টেশনের পাবলিক টয়লেটসমূহের প্রটোটাইপ ডিজাইনের জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে রেল স্টেশন গুলোর নাম ওয়াটার এইডের নিকট সরবরাহ করবেন। এক্ষেত্রে ওয়াটারএইড ০৫ ধরণের প্রটোটাইপ ডিজাইন প্রস্তুত করে বাংলাদেশ রেলওয়ের নিকট সরবরাহ করবে। | (ক) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br><br>(খ) ওয়াটারএইড, বাংলাদেশ |
| ৩.৬ | পঞ্চগড় ও ঈশ্বরদী স্টেশনে পাবলিক টয়লেট নির্মাণ কাজের উদ্বোধন:<br>বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম রেলওয়ে স্টেশন পঞ্চগড় ও ঈশ্বরদী জংশন স্টেশনে পাবলিক টয়লেট নির্মাণ উদ্বোধনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ওয়াটার এইড বাংলাদেশ মাননীয় মন্ত্রী রেলপথ মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ করে বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম রেলওয়ে স্টেশন পঞ্চগড় ও ঈশ্বরদী জংশন স্টেশনে পাবলিক টয়লেট নির্মাণের উদ্বোধনের তারিখ নির্ধারণ করবেন। | (ক) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(খ) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় ও ফোকাল পারসন, এইচএলপি<br>(গ) ওয়াটারএইড বাংলাদেশ |
| ৩.৭ | ব্যাংক হিসাব খোলা:<br>ব্যাংক হিসাব খোলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | স্থানীয় রেলওয়ে স্টেশন পাবলিক টয়লেট ও ওয়াশ পরিচালনা কমিটি গঠনের পর কমিটির ১ম সভায় ব্যাংক হিসাব খোলার বিষয়টি চূড়ান্ত করতে হবে। | (ক) মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে,<br>(খ) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় ও ফোকাল পারসন, এইচএলপি<br>(গ) ওয়াটার এইড, বাংলাদেশ |

| | | | |
|---|---|---|---|
| **৪.০ পারস্পরিক শিখন কর্মসূচি:** | | | |
| ৪.১ | **কর্মশালা আয়োজন:**<br>বাংলাদেশ রেলওয়ের ৪টি ডিভিশনে পারস্পরিক শিখন কর্মসূচির উপর কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | ওয়াটার এইড, বাংলাদেশ মাননীয় মন্ত্রী রেলপথ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে বাংলাদেশ রেলওয়ের ৪টি ডিভিশনে পারস্পরিক শিখন কর্মসূচির উপর কর্মশালা আয়োজনের তারিখ নির্ধারণ করবে। | (ক) মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে,<br>(খ) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় ও ফোকাল পারসন, এইচএলপি<br>(গ) ওয়াটারএইড, বাংলাদেশ |
| ৪.২ | **বাংলাদেশ রেলওয়ে এইচএলপি কোর কমিটি ও ওয়ার্কিং কমিটি এর সভা [illegible]:**<br>বাংলাদেশ রেলওয়ে এইচএলপি কোরকমিটি ও বাংলাদেশ রেলওয়ে ওয়ার্কিং কমিটি এর সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ১৫/০২/২০২২ তারিখের মধ্যে বাংলাদেশ রেলওয়ে এইচএলপি কোর কমিটি ও বাংলাদেশ রেলওয়ে ওয়ার্কিং কমিটি এর সভা আয়োজন করতে হবে। সভায় উত্তম চর্চাগুলো চিহ্নিত করতে হবে এবং রেল পরিসেবায় বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (ক) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় ও ফোকাল পারসন, এইচএলপি<br>(খ) ওয়াটারএইড বাংলাদেশ |
| ৪.৩ | **পারস্পরিক শিখন কর্মসূচির মাধ্যমে চিহ্নিত উত্তম চর্চা:**<br>পারস্পরিক শিখনের মাধ্যমে চিহ্নিত উত্তম চর্চার পুরস্কারের বিষয়ে আলোচনা হয়। | ইতোমধ্যে পারস্পরিক শিখনের মাধ্যমে যারা উত্তমচর্চা চিহ্নিত করেছেন, বিনিময় করেছেন এবং সম্প্রসারণ করেছেন, তাঁদের ভালো কাজের স্বীকৃতি স্বরূপ ওয়াটার এইডের মাধ্যমে পুরস্কার ও লেটার অব এপ্রিসিয়েশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে,<br>(খ) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় ও ফোকাল পারসন, এইচএলপি<br>(গ) ওয়াটার এইড, বাংলাদেশ |
| **৫.০ WASH ব্যবস্থাতে যাত্রিক অ্যাপস অন্তর্ভুক্তকরণ:** | | | |
| ৫.১ | **যাত্রিক অ্যাপস:**<br>যাত্রিক অ্যাপসকে আরো ব্যবহার উপযোগী করার লক্ষ্যে সভায় আলোচনা করা হয়। | ১. যাত্রিক অ্যাপসটির আরো উন্নয়ন করে ব্যবহার বান্ধব করতে হবে।<br><br>২. যাত্রিক অ্যাপস ব্যবহাকারীকে সেবা প্রদানের পর বাল্ক এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়ার জন্য টেলিটকের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে,<br>(খ) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় ও ফোকাল পারসন, এইচএলপি<br>(গ) ওয়াটারএইড, বাংলাদেশ |

| | | | |
|---|---|---|---|
| ৫.২ | যাত্রিক অ্যাপস ও ওয়াটার এইড এর অর্থায়ন:<br>যাত্রিক অ্যাপসকে আরো ব্যবহার বান্ধব করার লক্ষ্যে অর্থায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | যাত্রিক অ্যাপসটির উন্নয়ন করে ব্যবহার বান্ধব করার লক্ষ্যে প্রায় ০৫ (পাঁচ) লক্ষ টাকার প্রয়োজন হবে। এর মধ্যে ০৩ (তিন) লক্ষ টাকা ওয়াটার এইড, বাংলাদেশ ও ০২ (দুই) লক্ষ টাকা রেলপথ মন্ত্রণালয় হতে নির্বাহ করতে হবে। | (ক) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(খ) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়<br>ও ফোকাল পারসন, এইচএলপি<br>(গ) ওয়াটারএইড, বাংলাদেশ |
| ৬.০ | প্রকল্পের অর্থায়ন:<br>প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রকল্পের অর্থায়নের বিষয়টি স্বচ্ছতার সাথে প্রকল্প দলিলে সন্নিবেশন করতে হবে এবং ব্যয় বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে রেলপথ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>(গ) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়<br>ও ফোকাল পারসন, এইচএলপি<br>(ঘ) ওয়াটারএইড, বাংলাদেশ |

৭. অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মো: হুমায়ুন কবীর)
সচিব
রেলপথ মন্ত্রণালয়

সভার বিষয় ঃ বাংলাদেশ রেলওয়ে ও ওয়াটার এইড, বাংলাদেশের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় চলমান সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি ও পরবর্তী কর্মপরিকল্পনাসমূহ সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে সভা।

সভার সভাপতি ঃ ড. মো: হুমায়ুন কবীর, সচিব, রেলপথ মন্ত্রণালয়।

সভার তারিখ, সময় ও স্থান ঃ ০৮ ফেব্রুয়ারি ২০২২; দুপুর ১২:০০ ঘটিকায়; সভাকক্ষ, রেলপথ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

রেলপথ মন্ত্রণালয় :

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব মো: হাবিবুর রহমান<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৬৯১১৫৯ |
| ০২। | জনাব মো: সিরাজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৬৯১৬৭০ |
| ০৩। | ড. ভুবন চন্দ্র বিশ্বাস<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৬৯১৬৫৮ |
| ০৪। | জনাব জালাল উদ্দিন আহম্মেদ<br>যুগ্ম সচিব (প্রশাসন) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৯-৩৫৯৯৬৪২ |
| ০৫। | জনাব মোহাম্মদ আতিকুর রহমান<br>মাননীয় মন্ত্রীর একান্ত সচিব | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৫-৫৫০০৪৯১ |
| ০৬। | জনাব আ.স.ম আশরাফুল আলম<br>উপ সচিব (প্রশাসন-৬) অধিশাখা | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-৫০০৪৬৪৬ |
| ০৭। | জনাব মীর আলমগীর হোসেন<br>উপ সচিব (প্রশাসন-৪) অধিশাখা | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৫-৫৫০০৪৭৫ |
| ০৮। | জনাব মুহাম্মদ মাহবুবুল হক<br>উপ সচিব (সচিব মহোদয়ের একান্ত সচিব) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৫-৫৫০০৪৭০ |

বাংলাদেশ রেলওয়ে:

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব ধীরেন্দ্র নাথ মজুমদার<br>মহা পরিচালক | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩৮৩ |
| ০২। | জনাব মো: জাহাঙ্গীর হোসেন<br>মহাব্যবস্থাপক (পূর্ব), চট্টগ্রাম | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০৮ |

| | | | |
|---|---|---|---|
| ০৩। | জনাব অসীম কুমার তালুকদার<br>মহাব্যবস্থাপক (পশ্চিম), রাজশাহী | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০৯ |
| ০৪। | জনাব কামরুল আহসান<br>অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০১ |
| ০৫। | জনাব মঞ্জুর-উল-আলম চৌধুরী<br>অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০২ |
| ০৬। | জনাব সরদার সাহাদাত আলী<br>এডিজি (অপারেশন) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩১০ |

ওয়াটার এইড, বাংলাদেশ:

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইলনম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব হাসিন জাহান<br>কান্ট্রি ডিরেক্টর | ওয়াটার এইড বাংলাদেশ | ০১৭১-৩০৩৬৭৯১ |
| ০২। | জনাব পার্থ হাফেজ শেখ<br>পরিচালক (পলিসি এন্ড এ্যাডভোকেসি) | ওয়াটার এইড বাংলাদেশ | ০১৭৫-৫৫২০২০৫ |
| ০৩। | জনাব শান্তনু লাহেরি<br>কনসালটেন্ট | এইচএলপি | ০১৭৯-৬৯২১৩৬৮ |
| ০৪। | জনাব বাবুল বালা<br>প্রোগ্রাম ম্যানেজার | আরবান ওয়াশ | ০১৭১-৩৮৫১৫৮০ |
| ০৫। | জনাব মাহফুজুর-উর-রহমান<br>প্রজেক্ট ম্যানেজার | এইচএলপি | ০১৭১-১৬০১৪৬০ |
| ০৬। | জনাব বি এম জাহিদুল ইসলাম<br>ম্যানেজার | আরবান স্যানিটেশন এন্ড রেজিলিয়েন্স | ০১৭৮-৭৬৬৫৪৩০ |
| ০৭। | জনাব মো: তানজিল হাসান<br>প্রোগ্রাম অফিসার | ওয়াটার এইড বাংলাদেশ | ০১৭৭-৭৭৩৬৭৯৭ |